



## রাজশাহী শিক্ষা বোর্ড কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ দাবি

প্রকাশিত: ০৩ - জানুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ চাকরি স্থায়ীকরণের দাবিতে রাজশাহী শিক্ষাবোর্ডের অস্থায়ী কর্মচারীরা মানববন্ধন কর্মসূচী পালন করেছেন। বুধবার বেলা সাড়ে ১১টায় শিক্ষাবোর্ড প্রাঙ্গণে এ কর্মসূচী পালিত হয়।

এ সময় বক্তারা বলেন, দীর্ঘ ২০ থেকে ২২ বছর রাজশাহী শিক্ষাবোর্ডে অস্থায়ী কর্মচারীরা কর্মরত। চাকরি স্থায়ীকরণ না করায় আমরা উচ্চ আদালতের দ্বারস্থ হই। আদালত ৯০ দিনের মধ্যে চাকরি স্থায়ীকরণের নির্দেশ প্রদান করে।

কিন্তু বোর্ড কর্তৃপক্ষ এ আদেশ মানছে না। তারা হুশিয়ারি দিয়ে বলেন, আমাদের চাকরি স্থায়ীকরণে দ্রুত পদক্ষেপ নেয়া না হলে কঠোর কর্মসূচী গ্রহণ করা হবে। মানববন্ধনে রাজশাহী শিক্ষা বোর্ডের দৈনিক হাজিরাভিত্তিক কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি মুকুল শেখ, সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম শাহীনসহ বোর্ডের ৬২ জন অস্থায়ী কর্মচারী অংশ নেন।

চট্টগ্রাম আদালত ভবনে অনুসন্ধান ও তথ্যকেন্দ্র স্থাপন

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম আদালত ভবনের নিচতলায় উদ্বোধন করা হয়েছে অনুসন্ধান ও তথ্যকেন্দ্র। দেশের অন্যতম শীর্ষ শিল্প গ্রুপ কেএসআরএম'র উদ্যোগে এই কেন্দ্র স্থাপিত হয়েছে। বুধবার সকালে তথ্যকেন্দ্র উদ্বোধন করেন জেলা ও দায়রা জজ মোঃ ইসমাইল হোসেন এবং মহানগর দায়রা জজ মোঃ আকবর হোসেন মুখা।

উপস্থিত ছিলেন চট্টগ্রামের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বেগম কামরুন্নাহার রুমী, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ ওসমান গণি এবং কেএসআরএম'র জেনারেল ম্যানেজার (এইচআর এ্যান্ড এডমিন) সৈয়দ নজরুল আলম, মিডিয়া এ্যান্ডভাইজার মিজানুল ইসলাম, ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ রফিকুল আলম, হেড অব ব্র্যান্ড মনিরুজ্জামান রিয়াদ, শাদ হোসেন প্রমুখ।

চৌহালীতে এমপি মমিন ম-লকে বিজয়ী শুভেচ্ছা

সংবাদদাতা, বেলকুচি, সিরাজগঞ্জ, ২ জানুয়ারি ॥ সিরাজগঞ্জ-৫ (বেলকুচি-চৌহালী) আসনে সদ্য নির্বাচিত জাতীয় সংসদ সদস্য ম-ল গ্রুপের এমডি (সিআইপি) আব্দুল মমিন ম-লকে এলাকাবাসী শুভেচ্ছা জ্ঞাপন করেছে। বুধবার দুপুরে চৌহালী উপজেলা চত্বরে উপজেলা আওয়ামী লীগ সভাপতি (ভারপ্রাপ্ত) আবু নজির মাস্টারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলহাজ আব্দুল মজিদ ম-ল এমপি। উপজেলার ৫টি ইউনিয়নের আওয়ামী লীগে অঙ্গসংগঠনের নেতাকর্মীরা নবনির্বাচিত এমপিকে ফুলের তোড়া ও মালা প্রদান করেন। এ সময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা হাবিবুর রহমান হাবিব, আব্দুর রশিদ বাবুল, তাজউদ্দিন, রাশেদুল ইসলাম সিরাজ, কামরুল হায়দার মুন্না, আবু ছাইদ বিদ্যুৎ, মোল্লা বাবুল আকতারসহ নেতাকর্মীরা।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All

rights reserved by dailyjanakantha.com